

ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি ছাত্রছাত্রীদের জন্য সিএসই সেমিনার

বাংলাদেশের অর্থনীতিতে স্টক
মার্কেটের ভূমিকা সম্পর্কে স্থল ও
কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে
সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে গৃহীত
পদক্ষেপের ধারাবাহিকতায় চট্টগ্রাম
স্টক এক্সচেঞ্জ সম্প্রতি নিজস্ব
সম্মেলনক্ষেত্রে ইন্ডিপেনডেন্ট
ইউনিভার্সিটি, চট্টগ্রাম ক্যাম্পাস-এর
ছাত্রছাত্রীদের জন্য এক সেমিনারের
আয়োজন করে।

সিএসই-র গবেষণা ও তথ্য বিভাগের
প্রধান খুররম মালিক দেশের শেয়ার
বাজারের সাম্প্রতিক চিত্র তুলে ধরেন।
তিনি দর বৃদ্ধিতে শীর্ষ দশ কোম্পানির
সাম্প্রতিক অবস্থান রেবাচিটের
সাহায্যে উপস্থাপন ছাড়াও বাজারের
অন্যান্য পরিসংখ্যানও তুলে ধরেন
এবং বাজার থেকে দূরে অবস্থানকারী
বিনিয়োগকারীদের সামনে
বিনিয়োগের ফলে প্রাপ্য সম্ভাব্য সুবিধা
বর্ণনা করেন। তিনি শেয়ার বাজারে
স্টক এক্সচেঞ্জ মেম্বার ফর্ম প্রাপ্তির
ভূমিকা এবং শেয়ারে বিনিয়োগের
পদ্ধতি বর্ণনা করেন। এ ছাড়াও তিনি
সিএসই-র ইতিহাস, উদ্দেশ্য ও
ভবিষ্যত পরিকল্পনা ছাত্রছাত্রীদের
অবহিত করেন।

ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, চট্টগ্রাম
ক্যাম্পাসের স্থল অর বিজনেস-এর
সহকারী অধ্যাপক তাহমিনা আজিম
প্রভাষক মাহমুদ হাসান এবং প্রভাষক
আহমেদ তানীম মোজাম্মফর সেমিনারে
উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি।